

সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৪৯

১/ পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১১০/ ওয়ুর জ্যোতি

আরবী

أَخْبَرَنَا قُتَيْبَةُ، عَنْ خَلْفٍ، - وَهُوَ ابْنُ خَلِيفَةَ - عَنْ أَبِي مَالِكٍ الْأَشْجَعِيِّ، عَنْ أَبِي حَازِمٍ، قَالَ كُنْتُ خَلْفَ أَبِي هُرَيْرَةَ وَهُوَ يَتَوَضَّأُ لِلصَّلَاةِ وَكَانَ يَغْسِلُ يَدَيْهِ حَتَّى يَبْلُغَ إِبْطِيهِ فَقُلْتُ يَا أَبَا هُرَيْرَةَ مَا هَذَا الْوُضُوءُ فَقَالَ لِي يَا بَنِي فَرُوخَ أَنْتُمْ هَا هُنَا لَوْ عَلِمْتُ أَنَّكُمْ هَا هُنَا مَا تَوَضَّأْتُ هَذَا الْوُضُوءَ سَمِعْتُ خَلِيلِي صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ " تَبْلُغُ حَلِيَّةُ الْمُؤْمِنِ حَيْثُ يَبْلُغُ الْوُضُوءُ "

বাংলা

১৪৯। কুতায়বা (রহঃ) ... আবু হাযিম (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আবু হুরায়রা (রাঃ) সালাত (নামায/নামাজ)-এর জন্য উযু (ওজু/অজু/অযু) করছিলেন। আর আমি তাঁর পেছনে ছিলাম, তিনি তার হস্তদ্বয় ধৌত করছিলেন তাঁর বগল পর্যন্ত, তখন আমি তাঁকে বললাম, হে আবু হুরায়রা! এ কোন ধরনের উযু? তিনি আমাকে বললেনঃ হে ফররুখের বংশধর! তোমরা এখানে? যদি আমি পূর্বে জানতাম যে, তোমরা এখানে আছ তাহলে আমি এরূপ উযু করতাম না। আমি আমার বন্ধু রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছি যে, মুমিনের জ্যোতি ঐ পর্যন্ত পৌছবে, যে পর্যন্ত উযুর পানি পৌছে।

English

It was narrated that Abu Hazim said:

"I was behind Abu Hurairah when he performed Wudu' for Salah. He washed his hand up to the armpit, and I said: 'O Abu Hurairah! What is this Wudu?'" He said to me: 'O Banu Farrukh! You are here! If I had known that you were here I would not have performed Wudu' like this. I heard my close friend (i.e., the Prophet (ﷺ)) says: "The jewelry of the believer will reach as far as his Wudu reached."

ফুটনোট

সহীহ, আস-সহীহাহ হাঃ ২৫২, মুসলিম (ইসলামিক সেন্টার) হাঃ ৪৯৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু হাযিম ইবনু দ্বীনার (রহ.)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=9177>

📖 হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন